গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮

(মূল্যায়ন)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন, নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন, নির্বাচিত চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে ই-জিপি বাস্তবায়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত তিন বছরে আইএমইডি কর্তৃক ২৫১৯টি চলতি প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ, ৪৩টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, ৬৫০টি সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ৫৩টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব নিরুপণ করা হয়েছে। তাছাড়া, ক্রয় কার্যক্রমে ই-জিপি (e-GP) পদ্ধতি প্রবর্তন ও সম্প্রসারণের ফলে ই-জিপি পদ্ধতিতে ১৮১৩৭ জন দরদাতার রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে ই-টেন্ডার এর সংখ্যা ৭০৪৮২টি তে উন্নীত করা হয়েছে এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ৩৪২৪জন কর্মকর্তাকে দীর্ঘমেয়াদী সরকারি ক্রয় ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১০৩৩২ জন সরকারি কর্মকর্তাকে স্বল্পমেয়াদী ই-জিপিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র বিভাগের আওতায় বাস্তবায়নরত এসএমইসিআই (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অনলাইন প্রকল্প ব্যবস্থাপনা ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) প্রণয়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

উন্নয়ন প্রকল্পের সংখ্যার তুলনায় প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, কর্মকর্তা/কর্মচারীর অফিস কক্ষের স্বল্পতা, আইএমইডি'র মতামত/সুপারিশ প্রতিপালনে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের বাধ্যবাধকতা না থাকা, সময়মত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রকল্প পরিবীক্ষণকালীন প্রকল্প এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের না পাওয়া এবং সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (PCR) যথাসময়ে না পাওয়া।

ভবিষ্যৎ পরিকল্পনা:

অনলাইন মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা; লজিষ্টিক সুবিধাদি নিশ্চিত করা; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহ থেকে ইলেকট্রনিক উপায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপাত্ত ও তথ্য সংগ্রহের লক্ষ্যে অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম প্রতিষ্ঠা করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অধিকতর কার্যকরভাবে চালুর লক্ষ্যে পরিবীক্ষণ ও মূল্যায়নের ওপর সেক্টরভিত্তিক ম্যানুয়াল তৈরি করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা। তাছাড়া, দেশের সকল ক্রয় কার্যক্রমকে ই-জিপি'র আওতায় আনার লক্ষ্যে অধিকতর ক্ষমতাসম্পন্ন ডাটাসেন্টার স্থাপন এবং ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২১টি প্রমিত দরপত্র দলিল চূড়ান্ত করণ এবং অবশিষ্ট ১০ টি প্রমিত দরপত্র দলিল প্রণয়ন ও চূড়ান্ত করণ। ১০০ কোটি টাকা পর্যন্ত সরকারি ক্রয় কার্যক্রম ই-পদ্ধতিতে সম্পন্ন করা। নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহ আইএমই বিভাগের নিয়মিত মনিটরিং ও মূল্যায়নের আওতায় নিয়ে আসা।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- আইএমইডি'র সাতটি মনিটরিং সেক্টরে ৭৫৫টি চলমান প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করে প্রতিবেদন জারি;
- আইএমইডি'র সাতটি মনিটরিং সেক্টরে ২৩৭টি সমাপ্ত প্রকল্প মূল্যায়ন ও প্রতিবেদন জারি;
- ১৮টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ;
- ২২টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ;
- গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২টি প্রমিত দরপত্র দলিল চূড়ান্তকরণ এবং
- স্থানীয়ভাবে প্রশিক্ষণের মাধ্যমে ২৭৫০ জন কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের

মহাপরিচালক পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ (মূল্যায়ন)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ -এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):
টেকসই উন্নয়নের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়নে সহায়তাকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)
প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন এবং সরকারী ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) মাধ্যমে ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন
৩. পরামর্শ সেবা প্রদান

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)
১. বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In depth Monitoring);
২. চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্প মূল্যায়ন;
৩. নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation);
৪. ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন ও ইলেকট্রনিক গভর্মেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা;
৫. ক্রয় কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ।